এইসএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# সমাজকর্ম দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ২ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১. ▶ অধ্যাপক তাসলিমা বেগম সমাজকর্ম ক্লাসে ছাত্র-ছাত্রীদের মানুষের অত্যাবশ্যকীয় প্রয়োজন সম্পর্কে পাঠদান করতে গিয়ে বলেন, প্রাণীমাত্রই একটি চাহিদার প্রয়োজন অনুভব করে। এটি শরীর গঠন করে বৃদ্ধি ও বিকাশ ঘটায়। অপর একটি প্রয়োজন সম্পর্কে বলেন, এটি মানুষকে সভ্য সামাজিক মানুষে পরিণত করে। তিনি মৌলিক মানবিক চাহিদা পূরণের কয়েকটি অন্তরায়ও চিহ্নিত করেন। যেমন জনসংখ্যাস্ফীতি, বেকারত্ব, জলবায়ু পরিবর্তনের প্রভাব ইত্যাদি।

ক. সমাজবিজ্ঞানী সি টোলের মতে মৌল মানবিক চাহিদা কয়টি? ১

খ. মানসিক বিকাশের জন্য মৌল চাহিদা পূরণ প্রয়োজন কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত মৌলিক মানবিক চাহিদাগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত অন্তরায় ছাড়াও বাংলাদেশে মৌলিক মানবিক চাহিদা পূরণের আরও অন্তরায় রয়েছে, বিশ্লেষণ কর। ৪

২. ▶ রোকেয়া বেগম মুমূর্ষ অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি হয়। অসহায় ও দুঃস্থ হওয়ার কারণে তার সেবা কার্যক্রমে ব্যাঘাত ঘটেছিল। পরবর্তীতে হাসপাতালের একটি বিশেষ সংস্থার সহায়তায় কার্যকরী সেবা সহায়তা প্রদানের মাধ্যমে তাকে সুস্থ্য করে পরিবার ও সমাজে পুনর্বাসিত করতে পর্যাপ্ত সহায়তা করে।

ক. বাংলাদেশে কোথায় সর্বপ্রথম চিকিৎসা সমাজকর্মের প্রয়োগ ঘটে? ১

খ. জীবনচক্রের পরিণতি হলো বার্ধক্য- বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রদত্ত সেবাটি কোন ধরনের সরকারি কর্মসূচির অন্তর্গত? বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত সেবা কার্যক্রমের ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের ভূমিকা আলোচনা কর। ৪

৩. ▶ ইয়াকুব ১৭ বছর বয়সে রুবিকে বিবাহ করে। সে নিরক্ষর ও দরিদ্র। একে একে ছয় কন্যা সন্তান জন্ম নেয় তার ঘরে। শেষে স্ত্রীর ওপর দোষ চাপিয়ে দ্বিতীয় বিয়ে করে। সেখানেও তার কন্যা সন্তানের জন্ম হয়। দুই স্ত্রী ও কন্যাদের নিয়ে বর্তমানে তার অবস্থা নাজুক।

ক. HIV এর পূর্ণরূপ কী? ১

খ. যৌতুক বলতে কী বোঝায়? ২

Teachingbd.com

http://teachingbd.com

গ. ইয়াকুবের পরিবারের কোন কোন বৈশিষ্ট্য জনসংখ্যা বৃদ্ধির জন্য দায়ী- নিরূপণ কর। ৩

ঘ. বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির আরও অনেক কারণ আছে- বিশ্লেষণ কর। ৪

৪. ▶ হামিদ রেহানা দম্পতির ছোট ছেলে হামিম। তারা দুজনই হামিমকে আদর করেন। শারীরিক ও মানসিক বিকাশের জন্য পুষ্টিকর খাবার খাওয়ান। স্কুলের পড়া তৈরিতে সাহায্য করে। অবসর পেলে তাকে নিয়ে বেড়াতে যান। ইতিমধ্যে হামিম তার স্কুলে মেধাবী ছাত্র হিসাবে পরিচিতি পেয়েছে। হামিদ রেহানা দম্পতি মনে করে তাদের ছেলে একদিন বংশের মুখ উজ্জ্বল করবে।

ক. বিবাহ কী? ১

খ. সামাজিক প্রতিষ্ঠান বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে হামিদ রেহানা দম্পতি কী কী পারিবারিক ভূমিকা পালন করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর আধুনিক সমাজজীবনের পারিবারিক ভূমিকা পরিবর্তিত হচ্ছে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫. ▶ কুমারিকা বসে পত্রিকা পড়ছিল। সেখানে একটি সংবাদ দেখে সে বিস্মিত হয়। সে সংবাদ পড়ে জানতে পারে যে, একটি বিখ্যাত বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপিকাকে তার বেকার স্বামী টাকার জন্য নির্যাতন করে। স্বামীর নির্যাতনে উক্ত অধ্যাপিকার এক চোখ নষ্ট হয়ে যায়।

ক. বাংলাদেশে কত বছর বয়স পর্যন্ত শিশু? ১

খ. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বোর্ডের গঠন কাঠামো লিখ। ২

গ. উদ্দীপকে কুমারিকার পড়া সংবাদের ঘটনাটিতে বাংলাদেশের কোন আইনের ধারা লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ঘটনায় বাংলাদেশের যে আইনের লঙ্ঘন হয়েছে নারীদের অধিকার রক্ষায় উক্ত আইনের ধারাগুলোর কার্যকারিতা মূল্যায়ন কর। ৪

৬. ▶ জনাব রহমান সমাজসেবা বিভাগের পরিচালকের দায়িত্বে থাকাকালীন লক্ষ করলেন আমাদের দেশে ১৯৫৫ সাল হতে শহরের ছিন্নমূল, দরিদ্র বস্তিবাসীর জন্য সরকারি সমাজসেবা কার্যক্রম থাকলেও গ্রামের মানুষের জন্য এ ধরনের কর্মসূচি নেই। সেজন্য তিনি গ্রামের অতিদরিদ্র নারী ও পুরুষের জন্য ক্ষুদ্রঋণ বিতরণ, বৃত্তিমূলক প্রশিক্ষণসহ বহুমুখী কর্মসূচি সমৃদ্ধ একটি কার্যক্রম গ্রহণ করলেন।

ক. সরকারি সমাজসেবা কার্যক্রম কী? ১

খ. কিশোর আদালত বলতে কী বোঝায়? ২

গ. জনাব রহমান কোন বিশেষ সরকারি কর্মসূচি চালু করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে যে কার্যক্রমের আভাস পাওয়া যায়, গ্রামীণ উন্নয়নে তার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৭. ▶ নওশীনের কাকা বাংলাদেশের একটি বৃহৎ এনজিওতে চাকরি করেন। এ সংস্থাটি একটি ঘূর্ণিঝড় ও যুদ্ধের প্রেক্ষাপটে গড়ে উঠে। এটি ১৯৭২ সালে যে নামে শুরু করে তা ১৯৭৬ সালে পরিবর্তিত হয়ে থাকে। গ্রামের দরিদ্র অসহায় ও দুঃস্থ লোকদের টার্গেট গ্রুপ করে এ কার্যক্রম শুরু হয়। বর্তমানে দেশ বিদেশে এ কার্যক্রম পরিচালিত হচ্ছে।

ক. ইউসেপের প্রতিষ্ঠাতা কে? ১

খ. স্বেচ্ছাসেবী সংস্থা বলতে কী বোঝায়? ২

গ. নওশীনের কাকা কোন NGO তে চাকরি করেন? উক্ত NGO'র উদ্দেশ্য সমূহ ব্যাখ্যা কর। ৩

ঘ. পল্লী উন্নয়ন শিক্ষা ও স্বাস্থ্য খাতে উক্ত NGO'র কার্যক্রম সমূহ বর্ণনা কর। ৪

৮. ▶ আন্তর্জাতিক নিষেধাজ্ঞা উপেক্ষা করে মার্কিনিদের হামলায় শত শত ইরাকি শিশু যখন আর্তনাদে ছটফট করছিল তখন যুদ্ধবিধ্বস্ত ইরাকের এসব শিশু এবং মায়েদের কল্যাণে আন্তর্জাতিক একটি বেসরকারি সংস্থা সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছিল। তাদের সেবায় এসব শিশুদের অনেকেই প্রাণ ফিরে পেয়েছিল। অবশ্য যুদ্ধের ভয়াবহতা থেকেই এই সমস্যার সৃষ্টি হয়েছিল এবং জেনেভা সম্মেলনের মাধ্যমে আর্তমানবতার সেবার লক্ষ্য নিয়ে এটি আন্তর্জাতিকভাবে আত্মপ্রকাশ করে।

ক. NGO বা বেসরকারি সংস্থা কী? ১

খ. আন্তর্জাতিক সংগঠন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে কোন আন্তর্জাতিক সংস্থাটির ইঙ্গিত দেয়া হয়েছে? বিভিন্ন দুর্যোগের সময় উক্ত সংস্থার গৃহীত নীতিসমূহ ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশে উক্ত সংস্থাটি কীভাবে তাদের কর্মসূচি পরিচালনা করছে? বিশ্লেষণ কর। ৪

৯. ▶ সুমন সমাজকর্মের মাস্টার্স শ্রেণির ছাত্র। তাত্ত্বিক কোর্স শেষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাকে মাঠকর্ম অনুশীলনের জন্য এইডস চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রে পাঠায়। সেখানে তার অধীনে অনেক রোগী তাকে বিশ্বস্ত মনে করে তাদের গোপন তথ্য তার কাছে প্রকাশ করে। কিন্তু সুমন সেসব গোপন তথ্য প্রকাশ করে দেন।

ক. নিউইয়র্ক স্কুল অব সোশাল ওয়ার্ক কবে প্রতিষ্ঠিত হয়? ১

খ. সমাজকর্মে মাঠকর্ম কেন প্রয়োজন বর্ণনা কর। ২

গ. উদ্দীপকে সুমন মাঠকর্ম অনুশীলন কোন নীতিমালা লঙ্ঘন করেছেন? নিরূপণ কর। ৩

ঘ. উক্ত নীতিমালা লঙ্ঘনের মাধ্যমে সুমনের মাঝে পেশাদারিত্ব ও পেশাগত যোগ্যতার নীতিমালারও অভাব পরিলক্ষিত হয় কথাটি বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

# সমাজকর্ম দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২ ৭ ২

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. নারী ও শিশু নির্যাতন আইন ২০০৩ এ অপরাধ সংঘটনের কত দিনের মধ্যে বিচার কার্য শুরু করতে হবে?
ক) ৩০ দিন খ) ১৫ দিন
গ) ৩ মাস ঘ) ৬০ দিন

২. মানবসভ্যতার প্রধান নির্দেশক কোনটি?
ক) চিকিৎসা খ) বস্ত্র
গ) খাদ্য ঘ) বাসস্থান

৩. ইউএনডিপি বাংলাদেশের 'সহস্রাব্দ উন্নয়নের লক্ষ্যমাত্রা' নির্ধারণে কীভাবে সহায়তা করছে?
ক) ভিজিএফ প্রকল্পের মাধ্যমে
খ) রাজনৈতিক স্থিতিশীলতা আনয়নের মাধ্যমে
গ) সর্বজনীন প্রাথমিক শিক্ষা অর্জনের মাধ্যমে
ঘ) কাবিখা প্রকল্পের মাধ্যমে

৪. নদী ভাঙনের শিকার হয়ে উত্তরবঙ্গের অনেক পরিবার ঢাকা শহরে আসে ও তেজগাঁও রেললাইনের পাশে বসবাস করে। তারা গড়ে তোলে-
i. ছোট ঝুপড়ি ii. গুচ্ছ বসতি
iii. বস্তি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii


৫. সামাজিক বিজ্ঞান অনুষদের আওতাভুক্ত একটি শাস্ত্রের অন্তর্গত পদ্ধতির সাহায্যে শিক্ষাকালীন মানসিক অবস্থা ও আচরণ অনুধ্যান করে শিক্ষার উপযোগী করে তোলে। শাস্ত্রটির প্রয়োগকৃত পদ্ধতির সাথে সাদৃশ্যপূর্ণ কোনটি?
ক) সাইকিয়াট্রিক সমাজকর্ম
খ) হাসপাতাল সমাজকর্ম
গ) বিদ্যালয় সমাজকর্ম
ঘ) ক্লিনিক্যাল সমাজকর্ম

৬. দুর্নীতি, সাইবার অপরাধ, চুরি, ডাকাতি, ছিনতাই, রাহাজানি, চোরাচালান, ঘুষ প্রভৃতি সামাজিক সমস্যা প্রতিরোধে আইন প্রয়োগকারী সংস্থা তাদের কার্যক্রম পরিচালনা করে। এর যথার্থ কারণ-
i. আইনের শাসন প্রতিষ্ঠা
ii. সামাজিক সুবিচার প্রতিষ্ঠা
iii. সামাজিক অবক্ষয় মূল্যায়ন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৭. আমাদের দেশের প্রচলিত আইনমতে কোন কাজটির প্রকৃতি বিশ্লেষণ করে একে অপরাধ বলা যায়?
ক) পড়ালেখা খ) বেশি কথা বলা
গ) নারী অপহরণ ঘ) কম কথা বলা

৮. বেকার কাকে বলে?
ক) যে কাজ করে না খ) যে কাজ পায় না
গ) যে কাজে অনিচ্ছুক
ঘ) যে ইচ্ছা সত্ত্বেও কাজ পায় না

নিচের চিত্রটি লক্ষ করে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:




৯. জিজ্ঞাসিত (?) স্থানে কী হবে?
ক) বেকারত্ব খ) জনসংখ্যা সমস্যা
গ) মাদকাসক্তি ঘ) অপুষ্টি

১০. চিত্রটি ঐ সমস্যার কোন দিক নির্দেশ করছে?
ক) কারণ খ) পরিস্থিতি
গ) প্রভাব ঘ) সমাধান উপায়

১১. জনাব কামরুল একজন সমাজকর্মী। তিনি রোগীর সাথে সামঞ্জস্যবিধানে সহায়তা করেন-
i. ডাক্তারদের ii. নার্সদের
iii. হাসপাতালের অন্যান্য ব্যক্তিদের
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. নিচের কোন তারিখটি বিশ্ব অটিজম সচেতনতা দিবস হিসেবে পরিচিত?
ক) ২ মার্চ খ) ২৩ মার্চ
গ) ২ এপ্রিল ঘ) ৩ এপ্রিল

১৩. ফ্রিজ, এয়ার কন্ডিশন ও এরোসলের ব্যবহার নিচের কোন গ্যাস বৃদ্ধির ক্ষেত্রে দায়ী?
i. মিথেন ii. ক্লোরোফ্লোরো কার্বণ
iii. নাইট্রাস অক্সাইড
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) i ও iii ঘ) ii ও iii

১৪. বিবাহ একটি-
ক) সামাজিক রীতি খ) সামাজিক প্রথা
গ) সামাজিক প্রতিষ্ঠান ঘ) সামাজিক বন্ধন

১৫. 'A Handbook of Sociology' গ্রন্থের প্রণেতা
ক) অগবার্ন খ) ম্যাকাইভার
গ) এরিস্টটল ঘ) অগবার্ন ও নিমকফ

উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:
আমজাদ হোসেন একটি অ্যাসোসিয়েশনের প্রণীত নীতিমালা অনুসরণ করে মাঠকর্ম সম্পন্ন করেন। নীতিমালাগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো ব্যক্তির মর্যাদা, ন্যায়বিচার, সততা ও যোগ্যতা, আত্মনিয়ন্ত্রণাধিকার।

১৬. উদ্দীপকে কোন বিষয়ের নীতিমালার কথা বলা হয়েছে?
ক) সমাজবিজ্ঞান খ) নৃ-বিজ্ঞান
গ) মনোবিজ্ঞান ঘ) সমাজকর্ম

১৭. মাঠকর্মের ক্ষেত্রে প্রতিষ্ঠানের তত্ত্বাবধানকারী শিক্ষার্থীদের কার্যক্রম তত্ত্বাবধান করেন-
ক) দৈনিক খ) সাপ্তাহিক
গ) পাক্ষিক ঘ) মাসিক

১৮. কোনটি খ্রিস্ট ধর্মের আদর্শের উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত?
ক) রেড ক্রিসেন্ট সোসাইটি
খ) ইউনিসেফ গ) ইউসেপ
ঘ) ওয়ার্ল্ড ভিশন

১৯. বাংলাদেশের চিকিৎসা সমাজকর্মের প্রয়োগ শুরু হয় কোথায়?
ক) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে
খ) মিটফোর্ড মেডিকেল কলেজ হাসপাতালে
গ) বঙ্গবন্ধু মেডিকেল কলেজ হাসপাতালে
ঘ) ন্যাশনাল মেডিকেল কলেজ হাসপাতালে

২০. আতিক তার সমাজকর্ম বই থেকে এমন একটি আইন সম্পর্কে জেনেছে যা ১৯৭৪ সালে প্রণীত হয়েছে, যাতে ১০টি ভাগ ও ৭৮টি ধারা রয়েছে। আতিকের পঠিত আইনটি কোনটিকে নির্দেশ করে?
ক) মুসলিম পারিবারিক আইন
খ) হিন্দু বিবাহ রেজিস্ট্রেশন আইন
গ) শিশু আইন ঘ) প্রবীণকল্যাণ আইন

teachingbd.com

২১. গ্রামীণ সমাজসেবা কার্যক্রমে কোন পদ্ধতি প্রয়োজন হয়?
ⓚ গোষ্ঠী উন্নয়ন পদ্ধতি
ⓚ ব্যক্তি উন্নয়ন পদ্ধতি
ⓖ সমষ্টি উন্নয়ন পদ্ধতি
ⓘ দল উন্নয়ন পদ্ধতি

২২. Recreation শব্দের অর্থ কী?
ক খাদ্য　খ বস্ত্র
গ চিত্তবিনোদন　ঘ ধর্ম

২৩. কোন্ রোগে আক্রান্ত ব্যক্তি জীবিত থাকা অবস্থায় স্থানীয় লোকজন, প্রতিবেশি, আত্মীয়স্বজন তাকে এড়িয়ে চলে?
ক ক্যান্সার　খ কুষ্ঠ
গ হেপাটাইটিস　ঘ এইডস

উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:
সুমন বন্ধুদের প্ররোচনায় পরীক্ষার হলে নকল করতে গিয়ে ধরা পড়ে। তাকে বিচারের জন্য কিশোর আদালতে প্রেরণ করা হয়।

২৪. সুমনের বিচার হবে কোন আইনের বলে?
ক বাংলাদেশ শিশু আইন ১৯৭৪
খ বাংলাদেশ শিশু বিধি ১৯৭৬
গ পারিবারিক অধ্যাদেশ ১৯৮৫
ঘ নারী ও শিশু নির্যাতন আইন ২০০০

২৫. উক্ত আইন অনুযায়ী সুমনের বিচার হবে-
i. রিমান্ডে আটকে রেখে
ii. ঘরোয়া পরিবেশের অভ্যন্তরে
iii. অভিভাবকের সম্মুখে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:
মাত্র ১৭ বছর বয়সে জরিনার বিবাহ বিচ্ছেদ হয়। বর্তমানে সে একটি ধনী পরিবারে ঠিকা বুয়ার কাজ করে। কিন্তু মাইক্রোওভেন ও বৈদ্যুতিক চুলার রিডিং বুঝে চালাতে পারে না বলে তাকে বেতন কম দেয়া হয়।

২৬. উদ্দীপকে উল্লিখিত জরিনার বিয়ে যে ধরনের-
ক পরিণত বয়সের বিবাহ
খ বাল্যবিবাহ　গ নিজ পছন্দের
ঘ কোনোটিই নয়


২৭. উদ্দীপকে জরিনার বেতন কম দেওয়ার কারণ-
i. জরিনা অসহায়ত্ব
ii. জরিনার শিক্ষার অভাব
iii. জরিনার দক্ষতার অভাব
নিচের কোনটি সঠিক?
ক i　খ i ও ii
গ ii ও iii　ঘ i, ii ও iii

২৮. ড. ডেভিড একজন সাইকিয়াট্রিক সমাজকর্মী। তিনি পেশার মানের দিক দিয়ে সমাজকর্মের সাধারণ বা সরাসরি শাখার কর্মী থেকে আলাদা কারণ তিনি-
i. মানোচিকিৎসা বিষয়ে এম এস ডিগ্রি অর্জন করেছেন
ii. সমাজকর্মে স্নাতক ডিগ্রি অর্জন করে এ পেশায় নিয়োজিত
iii. মনোচিকিৎসা রোগীর সেবায় অর্জিত জ্ঞান প্রয়োগ করছেন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

২৯. আমাদের দেশের শিক্ষিত ব্যক্তিরা দ্রুত আত্মনির্ভরশীল হতে না পারার কারণ-
i. ত্রুটিপূর্ণ শিক্ষা ব্যবস্থা
ii. কারিগরি জ্ঞানের অভাব
iii. প্রাকৃতিক দুর্যোগের প্রভাব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

৩০. প্রাকৃতিক দুর্যোগকালীণ ক্ষয়ক্ষতি হ্রাস করা যায়-
i. বনায়নের মাধ্যমে
ii. পরিকল্পিতভাবে বন্যা নিরোধ বাঁধ তৈরি করে
iii. কর্মসংস্থান বৃদ্ধি করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

৩১. ছেলেটি কোন রোগে আক্রান্ত?



ক বেরিবেরি　খ রিকেটস
গ ম্যারাসমাস　ঘ কোয়ারশিয়কর

৩২. আমাদের দেশের মৌলিক মানবিক চাহিদাপূরণ কীসের ওপর নির্ভরশীল?
ক কৃষির　খ ব্যবসায়
গ শিক্ষকতার　ঘ চাকরির

৩৩. মৌল চাহিদা পূরণ অত্যাবশ্যক কেন?
ক অস্তিত্ব রক্ষা　খ সামাজিকতা রক্ষা
গ ক ও খ উভয়ই
ঘ কোনোটিই সঠিক নয়

৩৪. মানুষের চাহিদার স্বরূপ হলো-
i. বহুমুখী　ii. জটিল
iii. পরস্পর নির্ভরশীল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ে ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও:
ক ও খ এর যখন বিয়ে হয় তখন তাদের বয়স ছিল ১৭ ও ১৪ বছর। বিয়ের ৭ বছর পর তাদের বিবাহ বিচ্ছেদ ঘটে। এই বিবাহ তাদের স্বাভাবিক জীবন যাপনে বাধা ছিল।

৩৫. ক ও খ এ বিয়ের ক্ষেত্রে কোনটি প্রয়োজ্য?
ক বাল্যবিবাহ　খ কৈশোর বিবাহ
গ বৈধবিবাহ　ঘ গ্রহণযোগ্য বিবাহ

৩৬. উদ্দীপকে যে বিবাহ হয়েছে সেটি যে সমস্যার সৃষ্টি করে-
i. দাম্পত্য কলহ
ii. নারী স্বাস্থ্যের জন্য হুমকি
iii. সমাজ উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৩৭. কোনটি বিশেষায়িত ব্যাংক?
ক গ্রামীণ ব্যাংক　খ জনতা ব্যাংক
গ সোনালী ব্যাংক　ঘ ইসলামি ব্যাংক

৩৮. কোন শাখাটি মানবিক স্বাস্থ্যকেন্দ্রের সঙ্গে প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট?
ক বিদ্যালয় সমাজকর্ম　খ ক্লিনিক্যাল সমাজকর্ম
গ শিল্প সমাজকর্ম
ঘ সাইকিয়াট্রিক সমাজকর্ম

৩৯. কোন প্রতিষ্ঠান অর্থনৈতিক কর্মকাণ্ডের মূল কেন্দ্র হিসেবে ভূমিকা পালন করে?
ক শিক্ষা প্রতিষ্ঠান　খ কলকারখানা
গ রাজনৈতিক প্রতিষ্ঠান　ঘ পরিবার

৪০. সেভ দ্যা চিলড্রেন কোন কর্মসূচির আওতায় শিশু মৃত্যুহার রোধে কাজ করে?
ক শিশুর বেঁচে থাকা　খ শিশুর নিরাপত্তা
গ স্বাস্থ্য ও পুষ্টি　ঘ ক্ষুধা ও জীবিকা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | খ | ৩ | গ | ৪ | গ | ৫ | ক | ৬ | ক | ৭ | গ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ঘ | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | গ |
| | ২১ | গ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ক | ৩১ | গ | ৩২ | ক | ৩৩ | গ | ৩৪ | ঘ | ৩৫ | ক | ৩৬ | ক | ৩৭ | ক | ৩৮ | ঘ | ৩৯ | ঘ | ৪০ | গ |

Teachingbd.com